

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স- ১৭০৬

কুমারঘাট, ৫ নভেম্বর, ২০২৪

কুমারঘাটে দু'দিনব্যাপী উনকোটি  
জেলাভিত্তিক কলা উৎসব শুরু

দু'দিনব্যাপী উনকোটি জেলাভিত্তিক কলা উৎসব-২০২৪ আজ কুমারঘাটের গীতাঞ্জলি অডিটোরিয়ামে শুরু হয়েছে। জেলাভিত্তিক কলা উৎসবে নবম থেকে দ্বাদশ শ্রেণী পর্যন্ত ছাত্রছাত্রীরা একক ও দলগতভাবে সঙ্গীত, নৃত্য, বাদ্যযন্ত্র, নাটক, অঙ্গন ও ট্রেডিশনাল স্টোরি টেলিং-এর উপর প্রতিযোগিতায় অংশ নেবে। জেলাভিত্তিক কলা উৎসবের উদ্বোধন করে বিধায়ক ভগবান চন্দ্র দাস ছাত্রছাত্রীদের উদ্দেশ্যে বলেন, পড়াশুনার সাথে সাথে খেলাধুলা ও সাংস্কৃতিক কর্মকাণ্ডেও অংশ নিতে হবে। ছাত্রছাত্রীদের মনে রাখতে হবে আমরা শুধু নিজের জন্যই নই, আমরা সমাজের জন্যও। এজন্য আমাদেরও নৈতিক দায়িত্ব সমাজকে সাধ্যমতো কিছু ফিরিয়ে দেওয়া। তার মধ্য দিয়েই জীবনের স্বার্থকতা আসে।

উদ্বোধনী অনুষ্ঠানে জিলা পরিষদের সভাপতি অমলেন্দু দাস বলেন, কলা উৎসবের মাধ্যমে ছাত্রছাত্রীদের সাংস্কৃতিক প্রতিভা বিকাশের সুযোগ রয়েছে। স্বাগত বক্তব্যে জেলা শিক্ষা আধিকারিক প্রশাসন কিলিকদার জানান, জেলাভিত্তিক কলা উৎসব বিভিন্ন বিষয়ের প্রতিযোগিতা থেকে রাজ্যভিত্তিক কলা উৎসবে ২৩ জন প্রতিযোগী অংশ নিতে পারবে। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন কুমারঘাট পুরপরিষদের চেয়ারম্যান বিশ্বজিৎ দাস। উপস্থিতি ছিলেন সমাজসেবী পবিত্র দেবনাথ, অনিমেষ সিনহা ও কার্তিক দাস।

\*\*\*\*\*